

পাসের হার বাড়ান
মানে শিক্ষার মান কম
নয় : শিক্ষামন্ত্রী

হায়হায় রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, পাসের হার বেড়ে যাওয়া মানে শিক্ষার মান কমে যাওয়া নয়। কোনো মা-বাবা তার ছেলেমেয়েদের ফেল করতে কুলে পাঠান না। তাই যাদু এসব কথা বলেছেন, তাদের চেয়ে জনস্বার্থে ছেলেমেয়েদের মান অনেক ভালো বলে মতবা করেন তিনি।

মঙ্গলবার সকালে মন্ত্রণালয়ে সরকারি ও বেসরকারি পর্যায়ে মাতৃভাষাভিত্তিক প্রাথমিক শিক্ষার অবস্থা বিশ্লেষণ ও তরলীয় নির্ধারণ বিষয়ে এক মতবিনিময় সভায় শিক্ষামন্ত্রী এ কথা বলেন। দুই দিনব্যাপী এ মতবিনিময় সভার আয়োজন করেছে আদিবাসী-বিষয়ক জাতীয় কোয়ালিশন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক মেজবাহ কামালের সভাপতিত্বে সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের শিক্ষক পৌরত সিকদার।

শিক্ষা বাজারের পণ্য নয় উদ্বেগ করে মন্ত্রী বলেন, বাজারে কোনো একটি জিনিসের সরবরাহ বেশি হলে দাম কমে যায়। কিন্তু শিক্ষার সঙ্গে এটিকে মেলানো ঠিক নয়। কারণ, শিক্ষা বাজারের পণ্য নয়।

মন্ত্রী বলেন, প্রচলিত শিক্ষাব্যবস্থা দিয়ে বাংলাদেশের মৌলিক কোনো পরিবর্তন আসবে না।